



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা

গবেষণা শাখা

প্রশাসন অনুবিভাগ

www.idra.org.bd

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৯.৪২.০০৬.১৮. ৬৬

তারিখঃ ০৩ জুলাই ২০১৯

বিষয়: বীমা শিক্ষায় বীমাকারীর করণীয়।

বাংলাদেশে বীমা শিল্পের উন্নয়নের অপার সম্ভাবনা রয়েছে। সরকার বীমা খাতের উন্নয়নের জন্য জাতীয় বীমা নীতি ২০১৪ প্রণয়নসহ বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। বর্তমান জাতীয় বাজেটেও বহুমুখী বীমা ব্যবস্থার চালুর অঙ্গীকার করা হয়েছে। ২০১৮ সনে বাংলাদেশে লাইফ বীমা ব্যবসায় চলমান পলিসির সংখ্যা প্রায় এক কোটি এবং নন-লাইফ প্রায় ২৮ লক্ষ। লাইফ বীমায় ২০১৮ সনে মাত্র ১৮ লক্ষ গ্রাহক নতুন পলিসি ক্রয় করেছে। জাতীয় বীমা নীতিতে বাংলাদেশের সকল জনগণকে এবং সম্পদকে বীমার আওতায় আনার রূপকল্প রয়েছে। বাংলাদেশে পরিবহনের সংখ্যা ৩৫ লক্ষ অথচ মটর বীমার পলিসির সংখ্যা ১৬ লক্ষ। আমাদের দেশে কৃষি বীমা, পোল্ট্রি বীমা, গবাদি পশু বীমা এবং স্বাস্থ্য বীমাকে জনপ্রিয় করা যায় নি। এটি খুব হতাশার বিষয় যে, এখনও সরকারি-বেসরকারি বহুতল ভবনের বীমা করা হচ্ছে না। বীমার পেনিট্রেশন মাত্র ০.৫৫% অথচ জাতীয় বীমা নীতি ২০১৪ এ সরকার ২০২১ সালে পেনিট্রেশন ৪% অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। এ লক্ষ্য অর্জনে বীমা গ্রাহকের সংখ্যা বৃদ্ধির কোন বিকল্প নেই। বাংলাদেশের জনগণের বীমা শিল্পের প্রতি আস্থা না থাকার অন্যতম কারণ হিসেবে বীমা শিক্ষার অভাব এবং বীমা দাবি পরিশোধে দীর্ঘসূত্রিতাকে চিহ্নিত করা যায়। আবার বীমা শিক্ষা না থাকায় দাবি সংক্রান্ত অভিযোগ যথাযথ না হওয়ায় কর্তৃপক্ষ ও বীমাকারী উভয়কেই বিব্রত হতে হয়।

এখনও জনসাধারণ বীমা পলিসি/পরিকল্পের সুবিধা সম্পর্কে জানতে পারেনা। বীমা পলিসিসমূহের প্রস্তাবপত্র এবং বীমা চুক্তিপত্র খুবই জটিলভাবে লিপিবদ্ধ করা হয়। একজন শিক্ষিত লোকের পক্ষে সহজে বীমা পরিকল্প সম্পর্কে ধারণা করা সম্ভব হয় না। বীমার ধারণা স্পষ্টীকরণে প্রতিটি বীমাকারীর দায়িত্ব রয়েছে। বীমা সম্পর্কে সহজ ও স্বচ্ছভাবে ধারণা প্রদান করতে সক্ষম হলেই বাংলাদেশের সাধারণ মানুষ জীবন বীমা এবং স্বাস্থ্য বীমাসহ সম্পত্তির বীমা করবে।

বীমার পেনিট্রেশন বৃদ্ধিকল্পে প্রত্যেক বীমাকারীকে বীমা ও বীমা পরিকল্পসমূহ সম্পর্কে স্বচ্ছ ধারণা এবং দাবি পরিশোধ বিষয়ক ভিডিও ক্লিপ তৈরী করে স্ব স্ব ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। ভিডিও ক্লিপে নিম্নলিখিত বিষয়সমূহ থাকতে হবেঃ

- বীমা কী এবং কেন প্রয়োজন ;
- বীমার করলে কী কী সুবিধা;
- বীমা করার ধাপসমূহ কী কী;
- প্রিমিয়াম কী;
- মোট বীমা অংক কী;
- প্রিমিয়ামের হার কিভাবে নির্ধারণ করা হয়;
- বীমা পরিকল্প কী;
- লাভজনক/অলাভজনক/টার্ম পরিকল্প কী;
- আপনার প্রতিষ্ঠানে কী কী পরিকল্প রয়েছে;

- বীমা চুক্তি কী;
- বীমা প্রস্তাব কী;
- বীমা চুক্তি করতে হলে বীমা গ্রাহককে কী কী তথ্য ও কাগজপত্র দিতে হয়;
- বীমা গ্রাহককে কী কী বিষয় যাচাই করতে হয়;
- প্রিমিয়াম কেন বিনিয়োগ করা হয়;
- এজেন্ট কী এবং এজেন্টের কাজ কী;
- সার্ভেয়ার কী এবং কী কাজ করে;
- বীমাকারী কী ভাবে বীমা দাবি পরিশোধ করে;
- বীমাকারী কখন গ্রাহককে বীমা দাবির সাথে বোনাস প্রদান করে;
- তামাদি পলিসি কী এবং কেন তামাদি হয়;
- পলিসি তামাদি হলে গ্রাহকের কী ক্ষতি;
- সার্ভাইভাল বেনিফিট এবং পেইড-আপ পলিসি কী;
- কম্প্রহেন্সিভ ও থার্ডপার্টি মটর ইন্স্যুরেন্স কী এবং কোনটির কী কী সুবিধা রয়েছে;
- রিইন্স্যুরেন্স কী এবং এর সুবিধা কী;
- বীমা দাবি প্রাপ্তির আইনগত অধিকার কিভাবে প্রতিষ্ঠিত হয়;
- বীমা দাবি প্রাপ্তির জন্য গ্রাহককে কী কী করতে হবে;
- ন্যায় বীমা দাবি নির্দিষ্ট সময় সীমার মধ্যে পরিশোধ না করলে বীমাকারী কী হারে সুদসহ দাবি পরিশোধ করবে;
- ক্ষতিগ্রস্ত গ্রাহক প্রতিকারের জন্য কোথায় কোথায় অভিযোগ দাখিল করবে; এবং
- বীমাকারীকে তার প্রতিষ্ঠান হতে প্রদত্ত প্রত্যেক পলিসি/ পরিকল্পনার সুবিধাসমূহের স্পষ্ট বর্ণনা করতে হবে।

বাংলাদেশের সকল বীমা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে ভিডিও ক্লিপের মাধ্যমে বীমা পলিসির সহজ বর্ণনার ব্যবস্থা গ্রহণ করবে। ভিডিও ক্লিপে বর্ণনা বাংলায় করতে হবে এবং প্রমিত উচ্চারণ নিশ্চিত করতে হবে। আগামী ৭ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে প্রতিটি বীমাকারী স্ব স্ব ওয়েবসাইট ভিডিও ক্লিপ তৈরীপূর্বক আপলোড করতে অনুরোধ করা হল।



(খলিল আহমদ)

নির্বাহী পরিচালক (প্রশাসন)

অনুলিপি (কার্যার্থে):

- ১। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা/সাধারণ বীমা কর্পোরেশন;
- ২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানি।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সভাপতি, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
৩. পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি;
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৩. সদস্য মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৪. অফিস নথি।